

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (BAUET)

কাদিরাবাদ সেনানিবাস, নাটোর।

বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক পরিচালিত কাদিরাবাদ সেনানিবাস, নাটোর এ অবস্থিত বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (BAUET) এ নিম্নবর্ণিত কর্মকর্তা পদে চুক্তিভিত্তিক নিয়োগের লক্ষ্যে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	কর্মস্থল	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	ফ্রন্ট ডেস্ক অফিসার	০১	BAUET কাদিরাবাদ সেনানিবাস	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে যেকোন বিষয়ে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রিধারী। (খ) বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত বিষয়ে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে। (গ) কম্পিউটার প্রোগ্রাম (এম এস ওয়ার্ড, এম এস এক্সেল ও পাওয়ার পয়েন্ট) সমূহের কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (ঘ) সর্বোচ্চ বয়সসীমা ৩৫ বছর। তবে যোগ্য প্রার্থীদের ক্ষেত্রে বয়স সীমা শিথিল যোগ্য।

দরখাস্তের নিয়মাবলী :

- উপরোক্ত পদে আগ্রহী প্রার্থীদের জীবনবৃত্তান্তসহ লিখিত আবেদনপত্র জমা দিতে হবে। উল্লেখিত পদে নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশের নাগরিক এবং সকল জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন।
- আবেদনপত্র রেজিস্ট্রার, বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (BAUET), কাদিরাবাদ সেনানিবাস, নাটোর বরাবরে আগামী ০৫ অক্টোবর ২০১৭ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য নহে।
- আবেদনপত্র দাখিলের শেষ তারিখে সংশ্লিষ্ট পদের জন্য আবেদনকারীর সর্বোচ্চ বয়সসীমা নির্ধারিত বলে গণ্য হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নহে।
- আবেদনপত্রের সাথে নিম্নলিখিত সনদ ও কাগজাদি প্রেরণ করতে হবে :
  - সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
  - ৪ (চার) কপি সদ্যতোলা রঞ্জিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
  - জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।
  - নাগরিকত্ব সনদপত্র।
- সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষার তারিখ ও সময় পরে জানানো হবে। সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষার জন্য আবেদনকারীদের কোন প্রকার যাতায়াত/দৈনিক ভাতা প্রদান করা হবেনা।
- অসম্পূর্ণ এবং ত্রুটিপূর্ণ আবেদন পত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগ প্রক্রিয়ার কোন পর্যায়ে প্রার্থীর পক্ষে কোন প্রকার প্রত্যক্ষ কিংবা পরোক্ষ সুপারিশ/তদবির করা হলে সংশ্লিষ্ট প্রার্থীকে সরাসরি অযোগ্য বলে বাতিল করা হবে।
- যে কোন দরখাস্ত বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ সংক্রান্ত অন্য যেকোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- বেতন আলোচনা সাপেক্ষে ধার্য করা হবে।
- পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।
- অন্যান্য তথ্যের জন্য BAUET এর ওয়েবসাইট [www.bauet.ac.bd](http://www.bauet.ac.bd) তে অনুসন্ধান করা যেতে পারে।

রেজিস্ট্রার

BAUET, কাদিরাবাদ সেনানিবাস

বিতরণঃ

স্টেশন সদর দপ্তর, কাদিরাবাদ সেনানিবাস (নোটিশ বোর্ড)

BAUET, কাদিরাবাদ সেনানিবাস (নোটিশ বোর্ড)

অবগতিঃ

মাননীয় উপাচার্য (সদয় অবগতির জন্য)

ট্রেজারার